# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১১৫৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৬০]

পর্ব-১২: তাত্ববীক্ব (রুকূ’তে দু' হাত হাঁটুদ্বয়ের মাঝে স্থাপন) করা (كتاب التطبيق)

পরিচ্ছেদঃ ৯৭: প্রথম তাশাহহুদে বসার সময় উভয় হাতের অবস্থান

## بَاب مَوْضِعِ الْيَدَيْنِ عِنْدَ الْجُلُوسِ لِلتَّشَهُّدِ الْأَوَّلِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ يَزِيدَ الْمُقْرِئُ، قال: حَدَّثَنَا سُفْيَانُ، قال: حَدَّثَنَا عَاصِمُ بْنُ كُلَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنْ وَائِلِ بْنِ حُجْرٍ، قال: أَتَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَرَأَيْتُهُ يَرْفَعُ يَدَيْهِ إِذَا افْتَتَحَ الصَّلَاةَ حَتَّى يُحَاذِيَ مَنْكِبَيْهِ وَإِذَا أَرَادَ أَنْ يَرْكَعَ وَإِذَا جَلَسَ فِي الرَّكْعَتَيْنِ أَضْجَعَ الْيُسْرَى وَنَصَبَ الْيُمْنَى وَوَضَعَ يَدَهُ الْيُمْنَى عَلَى فَخِذِهِ الْيُمْنَى وَنَصَبَ أُصْبُعَهُ لِلدُّعَاءِ وَوَضَعَ يَدَهُ الْيُسْرَى عَلَى فَخِذِهِ الْيُسْرَى قَالَ، ثُمَّ أَتَيْتُهُمْ مِنْ قَابِلٍ فَرَأَيْتُهُمْ يَرْفَعُونَ أَيْدِيَهُمْ فِي الْبَرَانِسِ.

تخريج دارالدعوه: سنن ابى داود/الصلاة ١١٦ (٧٢٨)، (تحفة الأشراف: ١١٧٨٣)، ويأتي عند المؤلف برقم: ١٢٦٤ (حسن صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1160 - صحيح الإسناد

বাংলা

১১৫৯. মুহাম্মাদ ইবনু আবদুল্লাহ ইবনু ইয়াযীদ আল মুকরী (রহ.) ..... ওয়ায়িল ইবনু হুজর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সা.)-এর নিকটে আসলাম। দেখলাম, তিনি যখন সালাত শুরু করলেন তার দু হাত উঠালেন, তা তাঁর স্কন্ধ বরাবর হলো। আর যখন তিনি রুকূ করতে ইচ্ছা করলেন তখনও এরূপ করলেন। তিনি যখন দু’ রাক’আতের পরে বসলেন, তখন বাম পা বিছিয়ে দিলেন। আর ডান পা খাড়া রাখলেন। আর তার ডান হাত ডান উরুর উপরে রাখলেন। আর দু’আর জন্যে তার আঙ্গুল উঠালেন। আর তার বাম হাত বাম উরুর উপরে রাখলেন। তিনি বলেন, অতঃপর আমি পরবর্তী বৎসর তাদের কাছে আসালাম, তাদেরকে দেখলাম, তারা কাপড়ের মাঝে হাত উঠাচ্ছেন।

## English

97. Placement Of The Hands When Sitting For The First Tashahhud

It was narrated that Wa'il bin Hujr said: I came to the Messenger of Allah (ﷺ) and I saw him raising his hands when he started to pray until they were in level with his shoulders, and when he wanted to bow. When he sat following the first two rak'ahs, he sat on his left foot and held the right foot upright. He placed his right hand on his right thigh and raised his finger for the supplication, and he placed his left hand on his left thigh. He said: Then I came the following year and I saw them raising their hands inside their Baranis.

### ফুটনোট

সহীহ: আবূ দাউদ ৭২৬. তিরমিযী ২৯২, ইবনু মাজাহ ৮৬৭, দারিমী ১৩৫৭, মুসনাদে হুমায়দী ৮৮৫, সহীহ ইবন খুযায়মাহ ৪০০। [দ্রঃ ৮৮৯]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ ওয়ায়িল ইবনু হুজর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87533

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন